

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/১০৪

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ৯৫২ তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৫২ তম কমিশন সভা অদ্য ২২/০৪/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর আবেদনের প্রেক্ষিতে এবং দেশের পুঁজিবাজারের স্থিতিশীলতা বিবেচনায় মৌলভিত্তিসম্পন্ন ও ভবিষ্যত সম্ভবনাময় সিকিউরিটিজে অধিক বিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে দেশের পুঁজিবাজারে তালিকাভুক্ত 'এ' ক্যাটাগরির কোম্পানিসমূহের একক শেয়ারে সর্বোচ্চ বিনিয়োগ সীমা ৫% হতে আইসিবিকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, এক্ষেত্রে আইসিবি কর্তৃক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর প্রাসঙ্গিক বিধিমালা যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়া, কমিশনের পত্র নং-BSEC/SRMID/2011/1240/847; তারিখঃ অক্টোবর ২৯, ২০১৯ এর আওতায় শেয়ার ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে কোম্পানির উদ্যোক্তা ও পরিচালক কর্তৃক শেয়ার ধারণ সংক্রান্ত কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2009-193/217/Admin/90; তারিখঃ মে ২১, ২০১৯ এর প্রাসঙ্গিক শর্তাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

২। অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি ফান্ড 'Ventura AMCL Balanced Fund' -এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'Ventura Asset Management Company Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'Ventura Asset Management Company Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'Sandhani Life Insurance Company Limited এবং Brac Bank Limited।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

২২/০৪/২০২৫